

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন

ই-৬/সি, আগারগাও, শেরে বাংলা নগর, ঢাকা।

সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (২য় খন্ড)/২০১১/১০৮৫

তারিখঃ ২৮/০২/২০১৭

প্রেস বিজ্ঞপ্তি

৫৯৯ তম কমিশন সভা অদ্য ২৮/০২/২০১৭ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :


1. Libra Infusions Limited (Issuer) এর জুন ৩০, ২০১৫ সালের নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী যথাক্রমে BAS-1, 24 ও 37 অনুযায়ী যথাযথভাবে প্রস্তুত না করায় এবং কমিশনের চাহিদা মোতাবেক তথ্যাদি সরবরাহ না করার মাধ্যমে Securities and Exchange Ordinance, 1969 এর Section 11(2) ভঙ্গ করেছে। এছাড়া Libra Infusions Limited তাদের ডিসেম্বর ৩১, ২০১৫ সালের অনিরীক্ষিত অর্ধবার্ষিক হিসাব বিবরণী যথাক্রমে BAS-1, 37, BFRS-3.27, 3.29-3.33 এবং QC 12 ও 13 অনুযায়ী যথাযথভাবে প্রস্তুত না করার মাধ্যমে সিকিউরিটিজ আইন ভঙ্গ করেছে।

উপরোক্ত সিকিউরিটিজ আইন সমূহ ভঙ্গ করায় কমিশন আজকের সভায় Libra Infusions Limited -এর ব্যবস্থাপনা পরিচালকসহ প্রত্যেক পরিচালককে (মনোনীত ও স্বতন্ত্র পরিচালক ব্যতিত) ০২ (দুই) লক্ষ টাকা করে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

2. Mirror Financial Management Ltd. (DSE TREC No. 223) -এ কমিশনের রুটিন পরিদর্শনের নিমিত্ত গঠিত কমিটি কর্তৃক দাখিলকৃত রিপোর্টে নিম্নবর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়গুলি উল্লেখিত হয় :

- (ক) DP Registration Certificate যথাসময়ে নবায়ন না করার মাধ্যমে ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩ এর প্রবিধান ৩০(৭) ভঙ্গ করেছে;
- (খ) শাখা ব্যবস্থাপক ও কমপ্লায়েন্স অফিসার না রেখে এবং চুক্তি মোতাবেক অফিস স্পেস ব্যবহার না করার মাধ্যমে কমিশনের Directive No. SEC/CMRRCD/2002-90/34 dated 29/07/2008 এর লংঘন;
- (গ) নন মার্জিনেবল "Z" ক্যাটাগরির শেয়ার ক্রয়ে মার্জিন ঋণ প্রদান করার মাধ্যমে কমিশনের নির্দেশনা নং- SEC/CMRRCD/2001-43/169 তাং 01/10/2009 লংঘন;
- (ঘ) হিসাব বিবরণীতে মার্জিন ঋণের সুদ যথাযথভাবে প্রদর্শন না করার মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule (8) & 5(1) লংঘন;
- (ঙ) ৫ (পাঁচ) লক্ষ টাকার উপরে নগদ লেনদেনের মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rules 8(1)(cc)(i) লংঘন; এবং
- (চ) মাসিক নেট ক্যাপিটাল ব্যালেন্স যথাযথভাবে প্রস্তুত না করার মাধ্যমে Securities and Exchange Ordinance, 1969 এর Section 18 ভঙ্গ করেছে।

উপরোক্ত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গ করায় কমিশন আজকের সভায় Mirror Financial Management Ltd -কে ২ (দুই) লক্ষ টাকা জরিমানা আরোপ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।


২৮/০২/২০১৭
মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।